NHS
North Central London
Integrated Care Board

# সেবা উন্নতকরণে আপনার স্বাস্থ্য ও চিকিৎসা সম্পর্কিত তথ্য সহায়তা করতে পারে

নর্থ সেন্ট্রাল লন্ডন (NCL) জুড়ে আমরা মানুষের অসুস্থতা রোধ করতে চাই, তারা অসুস্থ হয়ে পড়লে যত দ্রুত সম্ভব পদক্ষেপ নিতে চাই, তাদের নিজেদের স্বাস্থ্যের সর্বোত্তম দেখাশোনায় সহায়তা করতে চাই এবং স্বাস্থ্যসেবার ক্ষেত্রে বৈষম্য কমাতে চাই।

জিপি, হাসপাতাল, স্বাস্থ্য কর্মী ও স্বেচ্ছাসেবী সংস্থাগুলো আমাদের সকল বাসিন্দার সুস্থ জীবন নিশ্চিতকরণে একসাথে কাজ করছে। আমরা আপনার স্বাস্থ্য ও চিকিৎসা রেকর্ডে যুক্ত হচ্ছি এবং এই তথ্য ব্যবহার করছি যাতে সকল NCL বাসিন্দাদের স্বাস্থ্য, সুস্থতা ও চিকিৎসার মানকে উন্নত করবে এমন সেবাসমূহ পরিকল্পনা ও সাজানো যায়।

## আপনার কাছে এর অর্থ কী?

আপনার স্থানীয় NHS ও কেয়ার রেকর্ড থেকে আপনার NHS নম্বর, নাম, জন্ম তারিখ ও ঠিকানা ব্যবহার করে তথ্যসমূহ আপনার ন্যাশনাল হেলথকেয়ার ডেটার সাথে যুক্ত করা হবে (যদি আপনি লন্ডনের বাইরে NHS সেবা অ্যাক্সেস করে থাকেন) যাতে নিশ্চিত করা যায় যে এটি সঠিক এবং আমাদের কাছে থাকা রেকর্ডটি সম্পূর্ণ।

পরে, বিশ্লেষণ ও পরিকল্পনার কাজে ব্যবহার করার আগেই এই তথ্যগুলো থেকে আপনার নাম ও অন্যান্য শনাক্তযোগ্য সূত্র সরিয়ে ফেলা হবে।




যেসকল কাজে এটি সহায়তা করবে:

- প্রতিরোধযোগ্য বা চিকিৎসাযোগ্য রোগের ঝুঁকিতে থাকা গ্রুপগুলোকে শনাক্ত করা
- উন্নত প্রতিরোধ ও সক্রিয় চিকিৎসা কার্যকর করা
- পরিকল্পনায় সহায়তা করা ও সেবাতে অ্যাক্সেস উন্নত করা

# এভাবে আমার তথ্য যুক্ত করার সুবিধাগুলো কী?

তাৎক্ষণিক কোনো সুবিধা না পেলেও এর ফলে সেবার যে উন্নয়ন হবে তাতে আপনি, আপনার পরিবার বা আপনার কমিউনিটি লাভবান হবেন। আমাদের লক্ষ্য হলো আমাদের প্রত্যাশার চেয়েও বেশি খারাপ পরিণাম হয় এমন সকল রোগের প্রতি খেয়াল রেখে সকলের স্বাস্থ্য উন্নত করা।

তিনটি প্রধান ক্ষেত্রের উপর মনোযোগ কেন্দ্রীভূত করতে আমরা এই তথ্য ব্যবহার করব:

1. প্রতিরোধ ও দ্রুত হস্তক্ষেপ।
2. অধিক যৌথ চিকিৎসা সেবা।
3. সাশ্রয়ী সেবা।

## ‘সেকেন্ডারি ইউজ’ বলতে কী বুঝায়?

পরিকল্পনার জন্য এভাবে আপনার স্বাস্থ্য ও চিকিৎসা সেবা সংক্রান্ত তথ্য ব্যবহার করাকে বলে ‘সেকেন্ডারি ইউজ’ কারণ এর সাথে আপনার ব্যক্তিগত চিকিৎসার সম্পর্ক নেই।

## কে আমার স্বাস্থ্য ও চিকিৎসা সেবা সংক্রান্ত তথ্য অ্যাক্সেস করবে?

সেকেন্ডারি ইউজ নামক কাজে (উপরে দেখুন) ব্যবহারের জন্য, শুধুমাত্র একত্রে যুক্ত করার জন্য আপনার ব্যক্তিগত তথ্য অ্যাক্সেসের অনুমতি থাকবে। এটি NHS নর্থ সেন্ট্রাল লন্ডন (NCL) ইন্টিগ্রেটেড কেয়ার বোর্ডের ডেভেলপারদের একটি বিশেষ দল করে থাকেন।

তৈরিকৃত ডেটা ব্যবহার করার আগেই তার থেকে ব্যক্তিগত তথ্য (যেমন নাম, ঠিকানা, জন্ম তারিখ) সরিয়ে ফেলা হবে এবং শুধুমাত্র নর্থ সেন্ট্রাল লন্ডনের হেলথ ও সোশ্যাল কেয়ারে কর্মরত ব্যক্তিরা (জিপি, NHS হাসপাতাল ও কমিউনিটি সেবা, NCL ইন্টিগ্রেটেড কেয়ার বোর্ড এবং NCL-এর স্থানীয় কর্তৃপক্ষ) ব্যবহার করতে পারবেন। এই ব্যক্তিরা শুধুমাত্র সেবা উন্নয়নের লক্ষ্যে করা প্রজেক্টে ব্যবহারের জন্য এই তথ্য অ্যাক্সেস করতে পারবেন। প্রাইভেট কোম্পানি বা গবেষণাকারী প্রতিষ্ঠান এই তথ্য পাবে না।

## কী ধরনের তথ্য অন্তর্ভুক্ত করা হবে?

ডেটাতে থাকবে তারিখ, হাসপাতালে পরিদর্শনের ফলাফল, আসন্ন অ্যাপয়েন্টমেন্ট, রেফারেল, প্রদত্ত ওষুধ, অ্যালার্জি, অনুসন্ধান (যেমন রক্ত পরীক্ষা), রোগ নির্ণয়, সহায়তা পরিকল্পনা ও ঝুঁকির কারণসমূহ (যেমন ধূমপান।)

আমরা শুধুমাত্র ক্লিনিকাল রেকর্ডের আদর্শ অংশ অন্তর্ভুক্ত করব, যেমন প্রদত্ত ওষুধ, মেডিকেল রিডিং ও তারিখ। কোনো মন্তব্য বা নোট অন্তর্ভুক্ত করা হবে না।

## যদি আমি এভাবে আমার স্বাস্থ্য ও চিকিৎসা তথ্য ব্যবহার করতে দিতে না চাই?

আপনার সিদ্ধান্ত নেওয়ার সুযোগ আছে। আপনার নিজস্ব সরাসরি চিকিৎসার প্রয়োজন ছাড়া অন্য কোনো উদ্দেশ্যে আপনার তথ্য জানতে দিতে না চাইলে আপনি “অংশগ্রহণ করতে চাই না” বেছে নিতে পারেন। এটি আপনার অধিকার। তবে, অংশগ্রহণ না করার সিদ্ধান্ত গ্রহণের আগে আমরা আপনাকে ভালোভাবে ভেবে নেওয়ার পরামর্শ দেব। আপনার হেলথ ও সোশ্যাল কেয়ার সম্পর্কিত তথ্য জানালে আমাদের জন্য নর্থ সেন্ট্রাল লন্ডনের সকলের চাহিদা অনুসারে সেবার পরিকল্পনা করা ও প্রদান করা সহজ হবে। এটি কার্যকর করার জন্য আমাদের যথা সম্ভব একটি পূর্ণ চিত্র পাওয়া প্রয়োজন। আমাদের প্রতি আপনার আস্থা আমাদের কাছে সত্যিই মূল্যবান এবং আমরা সর্বোচ্চ মর্যাদার সাথে আপনার তথ্যগুলো ব্যবহার করব।

# কিভাবে অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেবেন

আপনি যেকোনো সময় নিচের ফরমটি পূরণ করে ও নিম্নলিখিত ঠিকানায় পাঠিয়ে এইভাবে তথ্য ভাগাভাগি না করার সিদ্ধান্ত নিতে পারবেন:

**FREEPOST NLP – JOINED UP CARE RECORD**

আপনি আমাদের ওয়েবসাইট থেকেও একটি কপি ডাউনলোড করতে পারবেন:
nclhealthandcare.org.uk/digital

ডাউনলোডকৃত ফরম ইমেইলের মাধ্যমে নিম্নলিখিত ঠিকানায় প্রেরণ করা যাবে। তবে, ইমেইলে কোনো এনক্রিপশন না থাকার কারণে আমরা আপনাকে এভাবে গোপনীয় তথ্য না পাঠানোর পরামর্শ দেব।

**আমাদের সাথে যোগাযোগ করুন**
আরো তথ্য জানতে আপনি আমাদের হেল্পডেস্কে যোগাযোগ করতে পারেন।

**ইমেইল: nclicb.digitalhelpdesk@nhs.net**

**ফোন: 0203 198 8738**

সেকেন্ডারি উদ্দেশ্যে আপনার তথ্য ব্যবহার হোক তা না চাইলে এই ফরমটি পূরণ করে ফেরত দিন। নিশ্চিতকরণ তথ্য পাওয়ার জন্য যোগাযোগের বিবরণ যুক্ত করুন।

নামের প্রথম অংশ*: ..................................................

নামের শেষ অংশ*: ..................................................

জন্ম তারিখ*: ..................................................

NHS নম্বর*: ..................................................

লিঙ্গ: ..................................................

ইমেইল ঠিকানা: ..................................................

ডাক ঠিকানা: ..................................................

পোস্টকোড*: ..................................................

আপনি কি অন্য কারো পক্ষে এই ফরম পূরণ করছেন ?

☐ হ্যাঁ ☐ না

যদি হ্যাঁ হয়, ঐ ব্যক্তির সাথে আপনার সম্পর্ক কী ? অনুগ্রহ করে যথাযথ স্থানে টিক দিন:

যার পক্ষে আমি এই ফরমটি পূরণ করছি:

☐ তার বয়স 16 বছরের কম এবং আমি তার আইনি অভিভাবক বা তার পিতামাতার দায়িত্ব পালন করছি।

☐ তার সম্মতি প্রদানের ক্ষমতা নেই এবং আমার দীর্ঘস্থায়ী পাওয়ার অভ অ্যাটর্নি অথবা স্বাস্থ্য ও সুস্থতার জন্য কোর্ট অভ প্রোটেকশন ডেপুটিশীপ রয়েছে।

অনুগ্রহ করে নিচের বক্সে টিক চিহ্ন দিন:

☐ আমি লিফলেটটি পড়েছি ও বুঝেছি

আপনার পুরো নাম: ........................................................................................................................

স্বাক্ষর: ........................................................................................................................

এই ফরমটি আপনি বিনামূল্যে একটি মুখবন্ধ খামে প্রেরণ করতে পারবেন এই ঠিকানায়:
**FREEPOST NLP – JOINED UP CARE RECORD** (কোনো পোস্টকোড নেই)

*এই তথ্য ছাড়া আমরা প্রক্রিয়াকরণের কাজ করতে পারব না।